দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 29 OCT 1988
পৃষ্ঠা ... 1 কলাম ... 8

87

31

# শিক্ষাই জাতীয় সমস্যার সমাধান দিতে পারেঃ মতিন

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপপ্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিন বলেন, শুধু শিক্ষার প্রসারই জাতির অনেক সমস্যার সমাধান করে দিতে পারে।

তিনি গতকাল বিকেলে ঢাকার বংশালে আহলে হাদীস তাবলীগ-এ-ইসলাম এর গ্রন্থাগার উদ্বোধন করছিলেন। মওলানা হাবিবুল্লাহ খান রহমানির সভা

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## মতিন

(প্রথম পৃঃ পর)

পতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আলহাজ্ব কাজী আবদুল কাদের ও এডভোকেট আইনুদ্দিন আহমেদ বক্তব্য করেন। খবর তথ্য বিবরণীর।

অধ্যাপক মতিন বলেন, জ্ঞানার্জনের ওপরই পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা ইসলামের সুদৃঢ় ভিত্তি।

উপপ্রধানমন্ত্রী বলেন, প্রেসিডেন্ট এরশাদের যুগোপযোগী নেতৃত্বাধীন বর্তমান সরকার ইসলামের মর্যাদা উর্ধ্বে তুলে ধরার জন্য দেশের সংখ্যাগরিষ্ঠ জনগণের ইচ্ছার সাথে সঙ্গতিপূর্ণ একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে। ইসলামকে রাষ্ট্রধর্ম হিসেবে প্রতিষ্ঠা এর উজ্জ্বলতম দৃষ্টান্ত।